উপজেলা পরিষদ
দাকোপ, খুলনা।

**সেপ্টেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: আসমত হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ : ২৯/০৯/২০২৪ খ্রি:।
সময় : ১১ : ০০ টা।
উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'
অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অত:পর দপ্তর ভিত্তিক বিভিন্ন আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | দপ্তরের নাম | দপ্তরভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরের মাঠে বর্ষা মৌসুমে অতিবৃষ্টিতে জলাবদ্ধতার সৃষ্টি হয়। এ কারণে ডেঙ্গু মশার উপদ্রবসহ সেবা প্রদানে সমস্যা হয়। মাঠটি নীচু থাকায় এটি বালি দ্বারা ভরাট করা হলেএডিপি অথবা উপজেলা পরিষদের বিশেষ কোনো বরাদ্দ থেকে উক্ত মাঠে বালু ভরাটসহ মশা নিধনে সকল দপ্তরে ফোগার মেশিন রাখার অনুরোধ জানান।<br>এছাড়া স্বাস্থ্য কমপ্লেক্সে ৩ টি ভবনের কনডেম ঘোষণা পূর্বক পুণ:নির্মাণ করা জরুরী। উপজেলায় মোট চালুকৃত কমিউনিটি ক্লিনিকের সংখ্যা ২৪ টি। মোট সেবা সংখ্যা ৮,৫৫২ জন রোগী। রেফার্কৃত রোগী ৩০৪ জন। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণসহ ডেঙ্গু প্রতিরোধে কোথাও যেনো জলাবদ্ধতার সৃষ্টি না হয় সে জন্য পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, চালনা পৌরসভা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী। |
| ২. | উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়। | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলমান আমন মৌসুমে বিভিন্ন ক্ষতিকর পোকামাকড়সহ বিশেষ করে কারেন্ট পোকার উপদ্রব একটু বেশি হয়। পোকা দমনে কৃষকরা যাতে তাৎক্ষনিক ঔষদ পেতে পারেন সে জন্য সকল ডিলারদের দোকানে পর্যাপ্ত কারেন্ট পোকার ঔষদ মজুদ রাখাসহ কৃষকদের সেবার মান বাড়াতে সব ধরণের ঔষধের মূল্য তালিকা ঝুলানোর বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে কৃষকদের সর্বোচ্চ সেবার মান বাড়ানোর লক্ষ্যে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৩. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ১৩ অক্টোবর/২০২৪ থেকে ০৩ নভেম্বর/২০২৪ পর্যন্ত ২২ (বাইশ) দিন যাবৎ সামদ্রিক জলসীমা এবং সকল নদী ও খালে মৎস্য আহরণ নিষিদ্ধ করা হয়েছে। এ কার্যক্রমের অংশ হিসেবে নিয়মিত মোবাইল কোর্ট অভিযান চলমান থাকবে।<br>এছাড়া এ উপজেলায় ৮টি ক্লাস্টার পদ্ধতিতে চিংড়ি চাষ চলমান আছে। আগামী ১৩ অক্টোবর/২০২৪ খ্রি: তারিখ প্রণোদনা হিসেবে ১৬ জন ইলিশ জেলেদের মাঝে ১টি করে বকনা বাছুর প্রদান করা হবে। ভিজিএফ কার্ডের চাউল প্রদান কার্যক্রম অব্যাহত আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নদীতে মোবাইল কোর্ট চলমান রাখাসহ দপ্তরের অন্যান্য কাজ সঠিক ভাবে বাস্তবায়নসহ ভিজিএফ বিতরণে সতর্কতা অবলম্বনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক্লাস্টার পদ্ধতিতে চিংড়ি চাষ প্রকল্পের সরকারী সহযোগিতার পাশাপশি উপকারভোগীর ঘের বা পুকুরের পাড়ে সব্জি চাষের বিষয়ে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সেপ্টেম্বর/২০২৪ মাসে তার দপ্তরের অগ্রগতি তুলে ধরে বলেন, জন্ম নিয়ন্ত্রণের পিল সাপ্লাই বর্তমানে বন্ধ আছে। বিষয়টি উর্দ্ধতন অফিসে জানানো হয়েছে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয় সমাধানের লক্ষ্যে উর্দ্ধতন অফিসে পত্র যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সেপ্টেম্বর/২০২৪ মাসে তার দপ্তরের অগ্রগতি তুলে ধরে বলেন, সরকারিভাবে কৃত্রিম প্রজনন হিমায়িত সিমেন দ্বারা ৩৫০ মাত্রা। গবাদী পশুর টিকা প্রদান ১,২০০ মাত্রা। হাঁস-মুরগী টিকা প্রদান ২০,০০০ মাত্রা। গবাদী পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে ১,৮৯৮ টির। হাঁস-মুরগী চিকিৎসা প্রদান করা হয়েছে ১১,২৬০ টির।<br><br>রাজস্ব আয়; কৃত্রিম প্রজনন বাবদ ২৬,২৫০/- টাকা এবং টিকা বীজ বাবদ ১৫,৯৯৫/- টাকা । অন্যান্য ৬,২৫০/- টাকা। তিলডাঙ্গা ইউনিয়নে কাঁকড়াবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রতিদিন ২২২ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ২০০ মিলি করে বিনা মূল্যে দুধ খাওয়ানো কার্যক্রম চলমান আছে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণসহ মাঠ পর্যায়ে সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| | | জলাতঙ্ক রোগ সম্পর্কে সকলকে সতর্ক থাকার বিষয়ে বলেন, জলাতঙ্ক রোগ লাইসা নামক এক ধরণের ভাইরাস থেকে হয়। এ রোগের কোনো চিকিৎসা হয় না। এ রোগ সাধারণত ৯৯% কুকুরের কামড়ে হয়। বাকি ১% বিড়াল, বাদুর ও অন্যান্য প্রাণির কামড়ে ছড়ায়। এসব প্রাণীর লালা কোথাও লাগলেও হতে পারে। এ বিষয়ে সকলকে সতর্ক থাকার আহবান জানান। | আলোচ্য বিষয়ে সকলকে সতর্ক করার লক্ষ্যে প্রচার প্রচারণাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল। |
| | | ব্লাক বেঙ্গল ছাগল পালনে বর্তমানে বাংলাদেশে ভাল ফল পাওয়া যাচ্ছে। পিপিআর রোগের কারণে অনেকটা সমস্যা হয়। সে লক্ষ্যে প্রতি বছরের ন্যায় আগামী ০১ অক্টোবর/২০২৪ তারিখ থেকে ক্ষুরা রোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় দাকোপ উপজেলায় সকল ছাগল ও ভেড়াকে বিনামূল্যে পিপিআর রোগের টিকা প্রদান করা হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয়টি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৬. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, সম্প্রতি ছাত্র জনতার গণঅভ্যুত্থানে দেশ সংস্কার কাজ চলমান। সে লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনী সমগ্রদেশে দায়িত্ব পালন করছে। তাদের কাজের সুবিধার্থে জরুরী ভাবে প্রয়োজনীয় ডেকোরেশনের ব্যবস্থা, ব্রডব্যান্ড সুবিধা পানির বিলসহ অন্যান্য আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫০,৬৫০/- খরচ হয়েছে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয়ে ব্যয়িত অর্থ পরিশোধের জন্য বিধিগত/কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় জুলাই ও আগস্ট/২০২৪ মাসের খাদ্যের চাহিদাপত্র (পুষ্টি চাল) প্রদান করা হয়েছে। জুলাই/২০২৪ মাস থেকে মা ও শিশু সহায়তা কর্মসূচীর ডাটা এন্ট্রি বন্ধ আছে। উঠান বৈঠক, ক্ষুদ্রঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, বাল্য বিবাহ প্রতিরোধ, শিশু শ্রম পরিবীক্ষণ কমিটির সেপ্টেম্বর/২০২৪ মাসের সভা করা হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। সকল ক্লাবে এ বছরে ক্যারাতের পোশাক বিতরণ করা হয়েছে। এপিসি প্রকল্পসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারিতি চলছে। | আলোচ্য বিষয়ের সঠিক বাস্তবায়ন ও দপ্তরের অন্যান্য বিষয়ে কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৮. | উপজেলা সমাজসেবা কার্যালয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সুতারখালী ইউনিয়ন ব্যতীত দাকোপ উপজেলার সকল | আলোচ্য বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়ন ও পৌরসভায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা, লাইভ ভেরিফিকেশনের মাধ্যমে মৃত ও নিরুদ্দেশ ভাতাভোগীর যাচাই-বাছাই ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ইউনিয়ন কমিটিকে তালিকা দেয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া ভিক্ষুক পূর্ণবাসন ও বিকল্প কর্মসংস্থানের আওতায় ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দে বর্ণিত অর্থ নীতিমালার আলোকে বিতরণ করা হবে। প্রতি মাসের ন্যায় এ মাসে ১০ জন দুঃস্থ্য অসহায় রোগীর জন্য রোগী কল্যান সমিতির মাধ্যমে চিকিৎসা সহায়তা প্রদান করা হবে। | | কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ৯. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ জানান যে, বিগত অর্থ বছরের ওয়াস ব্লকের কাজ চলমান রয়েছে। ১৭ টির কাজ শেষ পর্যায়ে ১৫ টির কাজ চলমন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে। | ওয়াস ব্লকের মেইন্টেন্স এর বিষয়টি খেয়াল রাখাসহ প্রকল্পের অসমাপ্ত কাজ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, বর্ষা মৌসুম আসলেই তার দপ্তরের সামনে পানি জমে থাকে। যে কারণে সাধারণ সেবা দিতে সমস্যা হয়। এ বিষয়ে সমাধানের জন্য প্রস্তাব করেন। | আলোচ্য বিষয়ে কার্যকরী/ বিধিগত পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থ বছরে ১৮-৩৫ বছর বয়স্ক বেকার যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ৩০ জন করে ০৭ দিন মেয়াদী ব্যাচের প্রশিক্ষণের অনুমোদন পাওয়া গেছে। সে মোতাবেক লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান মাসে ৩০ জনের ০১ টি ব্যাচের হাঁস-মুরগী পালনের উপর প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। আগামী মাসে ০২টি ব্যাচের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। এ ব্যাপারে সম্মানিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। এছাড়া সরকারি বিধিমালা অনুযায়ী যুবঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | আলোচ্য বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ১২. | উপজেলা প্রকৌশল দপ্তর। | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি এবং জাইকার অর্থে গৃহীত প্রকল্পের কাজ চলমান আছে। ইউনিয়ন পরিষদের দেয়া পিআইসির কাজ সুষ্টভাবে সমাপ্ত হলেও টেন্ডারের কাজ শেষ হতে দেরি হয়। অর্থ বছরের শুরুতেই টেন্ডার দিয়ে কার্যসম্পাদনের নোটিশ প্রদান করলে কাজ শেষ করা সম্ভব হবে। দপ্তরে অন্যান্য কাজ স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয়ে কার্যকরী ও বিধিগত পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ১৪. | উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ১৫. | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ১৭. | উপজেলা বন বিভাগ। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা বন কর্মকর্তা। |
| ১৮. | পল্লীসঞ্চয় ব্যাংক। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক। |
| ১৯. | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। | দাকোপ উপজেলায় ৩ টি পোল্ডারে সর্বমোট ১৫০.০০ কি:মি: ভেড়িবাঁধ রয়েছে। ঘুর্ণিঝড় রেমাল এ প্রায় ১০.০০০ কি:মি: বাঁধ ক্ষতিগ্রস্থ হয়েছে। ইতোমধ্যে প্রায় ৪ | ক্ষতিগ্রস্থ বাঁধ মেরামতের অবশিষ্ট কাজ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল স্থানে | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও উপজেলা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | কি:মি: বাঁধ মেরামত কাজ চলমান রয়েছে। অবশিষ্ট ক্ষতিগ্রস্থ বাঁধ মেরামতের জন্য বরাদ্দ প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বরাদ্দ অনুমোদন/ প্রাপ্ত সাপেক্ষে অবশিষ্ট কাজ বাস্তবায়ন করা হবে মর্মে সভায় অবগত করেন। | রাস্তা সংলগ্ন নদীর পাড়ে ভাঙ্গনের শঙ্কা আছে কিংবা তৈরী হয় তা অতীব জরুরীভিত্তিক সংস্কার কিংভা ভাঙ্গনরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশলী ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ২০. | লজিক প্রকল্প | লোকাল গভর্নমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (লজিক) প্রকল্পের লক্ষ্য তুলে ধরে বলেন যে, লজিক প্রকল্প বাংলাদেশের ৭টি জলবায়ূ-ঝুকিপূর্ণ জেলার ১৯টি উপজেলা নিয়ে কাজ করছেন। সে লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে দাকোপ উপজেলা অনুকূলে ৬২,৪৩,৫৭৪/- টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের মধ্য হতে ১টি খাল পুন: খনন ও সৌরশক্তি কলিত পাম্প হাউস, ১টি ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট এবং রেইন-ওয়াটার হার্ভেস্টার ৩টি প্রকল্পের ২টির কাজ ১০০% শেষ হয়েছে। বাকি ১টির কাজ ৯০% সম্পন্ন হয়েছে।<br><br>২০২৩-২৪ এবং ২০২৪-২০২৫ অর্থবছরের দাকোপ উপজেলার অনুকুলে পুনরায় অনুমোদিত অর্থ ৪৪,৩৯,৯৪৪/- টাকা। উপরোক্ত দুই অর্থবছরে প্রস্তাবিত ৫টি প্রকল্পের তালিকা থেকে জাতীয় প্রকল্প পরিচালক কর্তৃক যাচাই-বাছাই পূর্বক ২টি প্রকল্প অনুমোদন দেয়।২০২৩-২০২৪ অর্থবছরে বাজুয়া ইউনিয়ন সংলগ্ন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন ব্যয় = ২৪,৩৮,৫৫০/- টাকা (সম্ভাব্য) এবং ২০২৪-২০২৫ অর্থবছরে দাকোপ ইউনিয়নের সিংজোড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন রেইন ওয়াটার হার্ভেস্টার স্থাপন ব্যয়= ২৩,৪১,৩৯৪/- টাকা (সম্ভাব্য) এছাড়া অন্যান্য বিশেষ ব্যয়= ৬০,০০০/- টাকা। দুটি প্রকল্প (সম্ভাব্য) মোট ব্যয় ধরা হয়েছে = ৪৮,০০,০০০/- টাকা। উল্লেখিত দুটি স্কিম বাস্তবায়নের লক্ষ্যে অত্র সভায় অনুমোদনের জন্য বিশেষ অনুরোধ জানান। | প্রকল্প অনুমোদন পূর্বক কার্যকরী ও বিধিগত পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে বাস্তবায়িত প্রকল্পের রক্ষনাবেক্ষণের মেইন্টেন্সের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা ফ্যাসিলিটেটরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা ফ্যাসিলিটেটর |
| ২১. | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি। | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি বলেন, তার ইউনিয়নের খাটাইল রাস্তা কার্পেটিং করা জরুরী। এছাড়া ৩৩ পোল্ডারে লক্ষীখোলা পিচের মাথাসহ বিভিন্ন জায়গায় নদী ভাঙ্গন দেখা দিয়েছে। এ বিষয়ে প্রতিরোধ মূলক দীর্ঘ মেয়াদী প্রকল্প গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক দীর্ঘ মেয়াদী প্রকল্প গ্রহণসহ সাময়িক প্রতিরোধে বাঁশের পাইলিং স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ২২. | চেয়ারম্যান ৩ নং লাউডোব ইউপি। | চেয়ারম্যান ৩ নং লাউডোব ইউপি সভায় জানান যে, বাল্য বিবাহ সংঘটিত ব্যক্তিগন গোপনীয়তা রক্ষা করতে আত্মীয়ের বাড়ী ব্যবহার করছে। এ বিষয় সকলকে একযোগে কাজ করার আহবান জানান। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয়টি সমাধানের লক্ষ্যে গ্রাম পুলিশ, মেম্বর ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান, গ্রাম পুলিশ, মেম্বর ও সংশ্লিষ্ট সকল। |
| ২৩. | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি। | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি জানান যে, তার ইউনিয়নে এলজিইডি এর একটি রাস্তা যা জিয়াউল ট্রেডার্স ঠিকাদারী প্রতিষ্ঠানের নামে কাজ শুরু হয়। কিন্তু দীর্ঘ ৫ বছর যাবৎ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কাজ শেষ না করে ফেলে রেখেছে। যে কারণে জনসাধারণের চলাচলের সমস্যা হচ্ছে। জরুরীভাবে উক্ত রাস্তার প্রাক্কলন মোতাবেক কাজ বাস্তবায়নসহ সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br><br>এছাড়া তার ইউনিয়নে যে সকল এলাকায় নদী ভাঙ্গনে ঝুঁকিতে ছিলো বর্তমানে বর্ষা মৌসুমে সে সকল স্থানে ভাঙ্গন বৃদ্ধি পেয়েছে। নদী ভাঙ্গন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়টি সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br><br>উপজেলা প্রকৌশলী। ও পানি উন্নয়ন বোর্ড, খুলনা। |
| ২৪. | চেয়ারম্যান ৬ নং কামারখোলা ইউপি। | চেয়ারম্যান ৬ নং কামারখোলা ইউপি শারদীয় দুর্গাপূজা ২০২৪ এর আগমনে শুভেচ্ছা জনিয়ে বলেন, দুর্গা পূজা উৎযাপনের জন্য উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা কামনা করেন। অতিবৃষ্টির কারণে আমন ধানের অনেক ক্ষতি হয়েছে। পর্যাপ্ত সার-বীজ ও ঔষধ সরবরাহের | দুর্গা পূজা উৎযাপনে উপজেলা প্রশাসনসহ সকলে সার্বিক সহযোগিতা করেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ব্যবস্থা রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। কামারখোলা ইউনিয়ন পরিষদের দরজা ভেঙ্গে জরুরী কাগজপত্রসহ সিসি ক্যামেরার মনিটর, সিসি ক্যামেরা ইত্যাদি চুরি হয়েছে। কালিনগর বাজারে ডিএসকে এনজিও কর্তৃক আর.ও প্লান্টের মটর চুরি হয়েছে। এছাড়া কিছু দুষ্কৃতিকারী কর্তৃক বিভিন্ন স্থানে খাস জমির জবর দখল করার অপচেষ্টা চলছে। বিষয়টি সমাধানের ব্যবস্থা গ্রহণসহ সদ্য যোগদানকৃত সুযোগ্য উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন-চার্জসহ সকল অফিসারবৃন্দের ও সকল পর্যায়ের জনপ্রতিনিধি, সাংবাদিক ও সুধী সমাজের সম্মিলিত প্রচেষ্টায় দাকোপের মানুষ শান্তিপূর্ণভাবে বসবাস করছে। | | |
| ২২. | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা ইউপি। | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা জানান যে, তার ইউনিয়নের ৪ টি পয়েন্টে নদী ভাঙ্গনের অবস্থা খুবই খারাপ। দুটি পয়েন্টে সামান্য কাজ হয়েছে। বর্তমানে বটবুনিয়া বাজার এবং কামিনীবাসিয়া মিস্ত্রী বাড়ীর সামনে। জোয়ারের সময় পানি রাস্তার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। দোকানপাটসহ রাস্তার পাশে বাড়ীঘর গুলো খুবই ঝুকিপূর্ণ অবস্থায় আছে। জররুীভাবে ভাঙ্গন প্রতিরোধ না করলে বড় ধরণের ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শণ পূর্বক জরুরীভাবে সমাধানের লক্ষ্যে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পানি উন্নয়ন বোর্ড, খুলনা, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ২৩. | চেয়ারম্যান ৮ নং বাজুয়া ইউপি। | চেয়ারম্যান ৮ নং বাজুয়া ইউপি জানান যে, ত্রিমোহনী মন্দির কঁচা হতে পূর্ব বাজুয়া পর্যন্ত ও ভাইজুড়ি ব্রীজ হতে বাজুয়া রায় পাড়া পর্যন্ত পিচের রাস্তার কাজ দ্রুত শুরু করার জন্য অনুরোধ জানান।<br><br>বাজুয়া ইউনিয়ন পরিষদের দখলীয় ০.৮২ শতক জমির মধ্যে ০.৫০ শতক জমি দাকোপ বহুমূখি সমবায় সমিতির নামে রেকর্ড হয়েছে। বিষয়টি সমাধানের জন্য আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br><br>বাজুয়া ইউনিয়নের ২নং ওয়ার্ডের বেড়েরখাল কমিউনিটি ক্লিনিকটি এবং চুনকুড়ী কমিউনিটি ক্লিনিকটি দ্রুত সংস্কারসহ বাজুয়া ইউনিয়নে সকল মাটির রাস্তায় ফলবান বৃক্ষ রোপনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচ্য বিষয়টি সমাধানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br><br>উপজেলা সমবায় কর্মকর্তা।<br><br>উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ২৪. | চেয়ারম্যান ৯ নং বানিশান্তা ইউপি। | চেয়ারম্যান ৯ নং বানিশান্তা ইউপি জানান যে, জেলে কার্ডধারীদের মধ্যে অনেকেই এখন আর ঐ পেশায় নিয়োজিত নেই। অথচ বিগত ১১ বছর যাবৎ একই তালিকায় ভিজিএফ সুবিধা পেয়ে যাচ্ছে। পুরাতন জেলে তালিকা যাচাই-বাছাই করে প্রকৃত জেলেদের নির্বাচন পূর্বক ভিজিএফ কার্ড সুবিধা প্রদানের বিষয়ে অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক জেলে কার্ডের সমস্যা সমাধানে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

আলোচনা- ২৮ (ক)উপজেলা নির্বাহী অফিসার মহোদয় হিন্দু ধর্মের শারদীয় দূর্গাপূজা চলাকালিন সময়ে কোনো অনাকাঙ্খিত ঘটনা যাতে না ঘটে সে লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনা রাখাসহ কার্যকরী পদক্ষেপ গ্রহণে আইন-শৃঙ্খলা বাহিনী, আনসার বাহিনী, গ্রাম পুলিশসহ সকল জনপ্রতিনিধিদের সজাগ দৃষ্টি রাখার অনুরোধ করেন।

(খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের আওতায় কত একর জমি আছে এবং সেই জমির হালনাগাদ ট্যাক্স প্রদান করা হয়েছে কিনা সে বিষয়ে সকল কাগজপত্র/ প্রমানাদি দাখিলের জন্য উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়। উপজেলা পরিষদের অফিস স্থাপনা, বাসাবাড়িসহ অন্যান্য স্থাপনার অবস্থার বিস্তারিত তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। পরিষদের অভ্যন্তরে জরাজীর্ণ রাস্তাঘাটের চলমান মেরামত কাজ দ্রুততম সময়ে সমাপ্তির জন্য অনুরোধ জানানো হয়।

(গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস প্রাঙ্গণসহ পরিষদের মাঠ পরিষ্কার দীর্ঘদিন পরিষ্কার পরিচ্ছন্ন না করায় সর্বত্র আগাছা জন্মে মশার সৃষ্টি হয়েছে, পরিবেশও দুষিত হয়েছে। এগুলো জরুরীভিত্তিতে পরিষ্কার পরিচ্ছন্ন করা প্রয়োজন। এটি পরিষ্কার পরিচ্ছন্ন

CS CamScanner

করতে আনুমানিক ২৪,৫০০/- টাকা ব্যয় হতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপাততঃ পরিষ্কার পরিচ্ছন্ন কাজে ২৪,৫০০/- টাকা ব্যয়ের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

(ঘ) উপজেলা পরিষদের পানির পাম্প মেশিন মেরামত/সংস্কার কাজ করিয়ে পাম্প চালক এ ব্যয় বাবদ ২৪,০০০/- টাকার ভাউচার দাখিলপূর্বক উক্ত টাকা পাওয়ার জন্য আবেদন করেছেন।

(ঙ) উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি রক্ষনাবেক্ষণ ও মেরামত(কম্পিউটার মেরামত) কওে জনাব বিকাশ চন্দ্র বর্মন, অফিস সহকারী ২৪,৮৫০/- টাকার ব্যয়ের ভাউচার দাখিলপূর্বক উক্ত টাকা পাওয়ার জন্য আবেদন করেছেন।

(চ) বর্ষাকাল পরবর্তী এ সময়ে ডেঙ্গুর প্রাদুর্ভাবরোধে সকল ইউনিয়ন পরিষদকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। এ লক্ষ্যে মশক নিধন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদে রাজস্ব তহবিল হতে ১০,০০০/- টাকা ব্যয়ের সিধান্ত গৃহীত হয়।

(ছ)উপজেলা পরিষদের আসবাবপত্র নির্দেশনামতে মেরমতকওে জনাব মহিদুল ইসলাম, অফিস সহায়ক ২৪,৭২৫/- টাকা ব্যয়ের ভাউচার দাখিলপূর্বক উক্ত টাকা পাওয়ার জন্য আবেদন করেছেন।

(জ) উপজেলা নির্বাহী অফিসারের শারিরিক ও বাসভবনের নিরাপত্তা বিধানে নিয়োজিত আনসার সদস্যদেও গ্যাস,বিদ্যুৎ, পানি ও আনুষঙ্গিক ব্যয় বাবদ ২৪,৮০০/- টাকা ব্যয়ের ভাউচার দাখিলপূর্বক উক্ত টাকা পাওয়ার জন্য আবেদন করেছেন।

(ঝ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদে ব্যবহারের জন্য একটি ফটোকপিয়ার ক্রয় করা প্রয়োজন। এটির অভাবে প্রতিদিনই অফিসের যাবতীয় চিঠিপত্র বাহির থেকে কপি করানো হয়। এর ফলে একদিকে বেশী ব্যয় এবং অন্যদিকে দাপ্তরিক গোপনীয় বিষয়ের গোপনীয়তা থাকে না। প্রতি আর্থিক বছরে এখাতে অর্থাৎ ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা আনুমানিক ৩,০০,০০০/-(তিনলক্ষ) টাকায় (সর্বনিম্ন মূল্যে)একটি ফটোকপিয়ার ক্রয় করা যেতে পারে।

সিদ্ধান্ত : অনুচ্ছেদ 'ঘ' থেকে 'জ' পর্যন্ত ক্রমিকে বর্ণিত বিষয়ে ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ব্যয়িত টাকা পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বিষয়টি বাস্তবায়ন করবেন।

অনুচ্ছেদ 'ঝ' তে বর্ণিত প্রস্তাবটি সভায় বিস্তারিত আলোচনান্তে একটি ফটোকপিয়ার বিধি মোতাবেক ক্রয় করে সরবরাহ করার জন্য নিম্নরূপভাবে ০৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয় :

০১) উপজেলা সমাজসেবা অফিসার,দাকোপ – আহবায়ক
০২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দাকোপ- সদস্য
০৩) উপজেলা যুবউন্নয়ন অফিসার,দাকোপ - সদস্য

গঠিত কমিটিকে দ্রুততম সময়ের মধ্যে বিধি মোতাবেক একটি ফটোকপিয়ার ক্রয় কওে এ অফিসে সরবরাহ করার জন্য অনুরোধ করা গেল। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বিষয়টি বাস্তবায়ন করবেন।

(ঞ) আন্তঃ উপজেলা ও আন্তঃ জেলা খেয়াঘাটের বাংলা ১৪৩০ সনের ইজারালব্দ অর্থের হিস্যা যথক্রমে ৫৯,৫৯,৯৪৯/১৪ এবং ৩৯,২৩,৩৫১/- টাকার পৃথক পৃথক চেক পাওয়া যায়। পত্রের নির্দেশনামতে চেকদুটি উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে জমা করা হয়। বিধিমতে প্রাপ্ত ০২টি চেকের টাকা ০৯টি ইউনিয়নের মধ্যে সুষম বন্টন করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ বলেন, ইতোপূর্বে তারা খেয়াঘাটের টাকা সমভাবে বন্টন পেয়েছেন। তারা এই ০২টি চেকের টাকা সমভাবে বন্টন করার জন্য অনুরোধ জানান। সমভাবে বন্টনের ক্ষেত্রে তাদের কোন আপত্তি নেই। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং প্রাপ্ত ০২টি চেকের মোট ৯৮,৮৩,৩০০/১৪ টাকা সমভাবে বন্টনসহ আইন ও বিধি মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। স্ব স্ব ইউনিয়ন পরিষদ কর্তৃক বন্টনকৃত টাকা আইন ও বিধি মোতাবেক ব্যয় নিশ্চিত করবেন এবং উপজেলা নির্বাহী অফিসার কে অবহিত করবেন।

CS CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

২৯/০৯/২৪
মোঃ আসমত হোসেন
প্রশাসক
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা
ও
সভাপতি
উপজেলা পরিষদ, উন্নয়ন সমন্বয় সভা
দাকোপ, খুলনা

স্মারক নং- ৪৬.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৪. (৫০) তারিখ ১৪ আশ্বিন ১৪৩১বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৪খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. প্রধান প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪. জেলা প্রশাসক, খুলনা।
৫. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা।
৬. সিনিয়র সহকারী সচিব, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, (রাজনৈতিক শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রশাসক, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
৮. উপজেলা ........................................অফিসার (সকল), দাকোপ, খুলনা।
৯. চেয়ারম্যান .................................... ইউনিয়ন পরিষদ (সকল), দাকোপ, খুলনা।
১০. অফিস কপি।

২৯/০৯/২৪
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা
unodacope@mopa.gov.bd

CamScanner